# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.১৯-৩৮

তারিখঃ ২৫/০১/১৪৩০ বঙ্গাঃ
০৮/০৫/২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোহাম্মদ শাকির হোসেন (আইডি নং-৯৪১১১০০০১), উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে অবহিত করে উল্লেখিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ এর অনুরোধের প্রেক্ষিতে উক্ত কর্মকর্তার অননুমোদিত অনুপস্থিতির প্রকৃত কারণ উদঘাটনের জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-১৫-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০২/২০১৯, তারিখঃ ১৪/০২/২০১৯ খ্রিঃ মোতাবেক ১ (এক) জন প্রাথমিক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.১৯-৮৬, তারিখঃ ০২/০৮/২০২২ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয় এবং অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে জবাব দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। সূচিত কার্যধারার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক হিসেবে বিবেচিত না হওয়ায় এবং কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্তের জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.১৯-১০১ তারিখঃ ২৯.১১.২০২২ খ্রিঃ তারিখের মাধ্যমে ১ (এক) জন বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে গত ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় এবং তার চাকরি স্থায়ীকরণ না হওয়ায় উক্ত কর্মকর্তার নিয়োগ পত্রের শর্তাবলীর ২(ঝ) মোতাবেক তার অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখ হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে তাকে বাপাউবোর্ডের চাকরি হতে চাকরীচ্যুত হিসেবে গণ্য করা এবং পদটি শূন্য বলে বিবেচনা করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোহাম্মদ শাকির হোসেন (আইডি নং-৯৪১১১০০০১), উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে গত ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় এবং তার চাকরি স্থায়ীকরণ না হওয়ায় উক্ত কর্মকর্তার নিয়োগ পত্রের শর্তাবলীর ২(ঝ) মোতাবেক তার অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখ হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে তাকে বাপাউবোর্ডের চাকরি হতে চাকরীচ্যুত হিসেবে গণ্য করা এবং পদটি শূন্য বলে বিবেচনা করা হল।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৮/০৫/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬
**dir.discipline.bwdb@gmail.com**

অঃপৃঃদ্রঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.১৯-৩৮(১৩)

তারিখঃ ২৫/০১/১৪৩০ বঙ্গাঃ
০৮/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৩. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬. নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৭. উপপরিচালক/হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মোহাম্মদ শাকির হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ) (বরখাস্তকৃত), নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ। স্থায়ী ঠিকানাঃ পুরাইকলা (মুন্সি বাড়ি), ডাকঘরঃ বাঘাসুরা (৩৩৩২), উপজেলাঃ মাধবপুর, জেলাঃ হবিগঞ্জ।

(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১
টেলিফোনঃ ৮৮০২২২২৩০০৭৯

ডায়েরী নং ৪৩ — তারিখঃ ১০/৫/২৩
প্রোগ্রামার ১/২ — জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ — প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী — নথিতে পেশ করুন
অফিস সহকারী — নথিতে রাখুন
প্রাপ্তি স্বীকার করুন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা